# শ্রীকান্ত রত্নমালা

भारत सरकार
GOVERNMENT OF INDIA
राष्ट्रीय पुस्तकालय, कलकत्ता ।
NATIONAL LIBRARY, CALCUTTA.

वर्ग संख्या
Class No. 182.Rd

पुस्तक संख्या
Book No. 886.2

रा० पु०/ N. L. 38.

MGIPC—S4—9 LNL/66—13-12-66—1,50,000.

## IMPERIAL LIBRARY.

This book was taken from the Library on the date last stamped. A fine of 1 anna will be charged for each day the book is kept over time.

28 MAR 1953

329

217

I. L. 44.

MGIPC—S2—III-3-11—20-7-45—5,000.

# শ্রীকান্ত রত্নমালা।

## বঙ্গীয় শব্দকোষ।

A THESAURUS OF BENGALI WORDS.

IN VERSE

শ্রীঅবলাকান্ত সেন কৃত।

তৃতীয় [illegible]

NATIONAL LIBRARY
No.
DATE
CALCUTTA

কলিকাতা

১৩২ নং, মাণিকতলাষ্ট্রীট্—স্কুল্‌বুক্ প্রেসে

শ্রীচণ্ডীচরণ রায় দ্বারা মুদ্রিত ও প্রকাশিত।

সন ১২৯৩ সাল।

All rights reserved

মূল্য ৵০ দুই আনা

পরম পূজনীয় শ্রীযুক্ত ভুবন মোহন ভট্টাচার্য্য মহোদয়

শ্রীচরণকমলেষু—

সদামবারাধন লব্ধ শক্তিনা—

বগাহ্য শব্দার্ণব মুক্তৈময়া,

প্রগুম্ফিতা বত্নচয়ৈ গুর্রোভবৎ —

পদারবিন্দে স্রগিয়ং সমর্প্যতে।

শকাব্দাঃ ১৮০০।

দাস শ্রীশ্রীকান্তসেনজেন।

# বিজ্ঞাপন।

—০:০—

হে বালক বালিকাগণ!

আয়াস-গ্রথিত আমার এই রত্নমালা প্রধানতঃ তোমাদেরই জন্য; তোমরা যত্নের সহিত ইহা কণ্ঠস্থ করিলে একটী অপূর্ব্ব শ্রী ধারণ পূর্ব্বক সর্ব্বত্র সমাদৃত হইবে এবং মালাকারেরও বাঞ্ছিত ফল লাভ হইবে, অলমিতি।

শকাব্দাঃ ১৮০০<br>
মাঘ।<br>
খাঁটুবা

গ্রন্থকার।

## দ্বিতীয় বারের বিজ্ঞাপন।

কতিপয় গবর্ণমেণ্ট মডেল স্কুলের প্রধান শিক্ষক মহোদয় স্বেচ্ছা-প্রবৃত্ত হইয়া শ্রীকান্তরত্নমালা খানি তাঁহাদের স্কুলে পাঠ্যরূপে প্রচলিত করাতে ইহার পুনর্মুদ্রাঙ্কণ আবশ্যক হইল।

১৮৮৫ খৃষ্টাব্দ।
কলিকাতা।

গ্রন্থকার।

# শ্রীকান্ত রত্নমালা।

## শং শব্দৈঃ।

অগ্নি Fire.

অগ্নি, বৈশ্বানর, বহ্নি, অনল, জ্বলন ;
বায়ুসখা, বিভাবসু, পাবক, দহন।
শিখি, শুক্র, শুচি, শুষ্মা, দমুনা, কৃশানু ;
বীতিহোত্র, ধনঞ্জয়, বর্হি, চিত্রভানু।
কৃষ্ণবর্ত্মা, রোহিতাশ্ব, হুতভুক্, হব্যবাহন।

অতিথি A guest.

অভ্যাগত, গৃহাগত, আগন্তু, অতিথি।

অন্ধকার Darkness.

তিমির, তমিস্র, তমঃ, ধ্বান্ত, অন্ধকার।

অমৃত Ambrosia and Nectar.

অমৃত, অমিয়া, সুধা, পীযূষ, পেয়ূষ।

অসুর Demon or titan.

অসুর, দৈত্য, দৈতেয়, দনুজে-ন্দ্রারি,* দানব।

---

* দনুজ—ইন্দ্রারি।

আকাশ The sky.

ব্যোম, বিয়ৎ, অন্তরীক্ষ, নভো-বিহায়স ; *
খা-ইনন্ত,† অম্বর, অভ্র, গগন, আকাশ।

আনন্দ Joy or pleasure.

সুখা-নন্দ, ‡ প্রীতি, হর্ষ, প্রমোদ, আমোদ।

আশা Hope.

মনন, মানস, আশা, আশ্বাস, ভরসা।

ইচ্ছা Wish or desire.

ইচ্ছা, বাঞ্ছা, অভিরুচি, রুচি, অভিলাষ ;
প্রবৃত্তি, আকাঙ্ক্ষা, ঈপ্সা, বাসনা, বিলাস।
মনোরথ, রতি, মতি, কাম, লোভ, স্পৃহা ;
পিপাসা, লালসা, লিপ্সা, তৃষা, তর্ষ, ঈহা।

ইন্দ্র Indra.

বাসব, বৃত্রহা, বজ্রী, ইন্দ্র, সুরপতি ;
আখণ্ডল, সহস্রাক্ষ, শক্র, শচীপতি ;
জীমূতবাহন, জিষ্ণু, পুরন্দর, দিবস্পতি।

ইন্দ্রপত্নী Indra's wife. পুলোমজা, শচী, ইন্দ্রাণী।
ইন্দ্রনগরী Indra's city. অমরাবতী।
ইন্দ্রঘোটক His horse. উচ্চৈঃশ্রবা।
ইন্দ্রসারথি His charioteer. মাতলি।
ইন্দ্রবন His grove or garden. নন্দন।

---

* নভঃ—বিহায়স। † খ—অনন্ত। ‡ সুখ—আনন্দ।

ইন্দ্রপ্রাসাদ His palace. বৈজয়ন্ত।
ইন্দ্রপুত্র His son. জয়ন্ত।
ইন্দ্রহস্তী His elephant. ঐরাবত।

উচ্চ High or tall.

উত্তান, উত্তুঙ্গ, তুঙ্গ, উচ্চ, প্রাংশু-ন্নত*।

উষ্ট্র Camel.

উষ্ট্র, ক্রমেলক, (আর) ময়, (বা) মহাঙ্গ।

কঠিন Hard, Solid.

কঠিন, নিষ্ঠুর, ক্রূর, কঠোর, জঠর।

(১) কর্কট (কাঁকড়া) A crab.

(২) কচ্ছপ A tortoise or turtle.

(১) কুলীর, কর্কট, (২) কূর্ম্ম, কমঠ, কচ্ছপ।

কর্ণ An ear.

কর্ণ, শব্দগ্রহ, শ্রোত্র, শ্রুতি, (বা)·শ্রবণ।

কর্দ্দম Mud or clay.

কর্দ্দম, জম্বাল, পঙ্ক, শাদ, নিষদ্বর।

কর্পূর Camphor.

ঘনসার, চন্দ্রসংজ্ঞ†, সিতাভ্র, কর্পূর।

কাক A crow.

পরভৃৎ, বায়স, কাক, অরিষ্ট, করট।

---

* প্রাংশু—উন্নত। † চন্দ্রের যে যে নাম।

কামদেব Camadeva or cupid.

মদন, মন্মথ, মার, প্রদ্যুম্ন, মীনকেতন ;
কন্দর্প, দর্পকা-হনঙ্গ,* কাম, পঞ্চশর, স্মর।
শম্বরারি, মনসিজ, কুসুমেষু, অনন্যজ ;
পুষ্পধন্বা, রতিপতি, মকরধ্বজ, আত্মভূ।

কার্ত্তিক Cartikeya.

কার্ত্তিকেয়, মহাসেন, শরজন্মা, ষড়ানন ;
কুমার, অগ্নিভূ, স্কন্দ, সেনানী, শিখিবাহন ;
ষাণ্মাতুর, শক্তিধর, গুহ, পার্ব্বতীনন্দন।

কিরণ A ray. দীপ্তি Light.

কিরণ, মরীচি, দীপ্তি, কর, ভাতি, প্রভা ;
ময়ূখ, চমক, জ্যোতিঃ, দ্যুতি, অংশু, আভা।
ভানু, রশ্মি, ছটা, ছবি, দীধিতি, রুচি, ভাঃ ;
লাবণ্য, ঔজ্জ্বল্য, কান্তি, রোচিঃ, শোচিঃ, শোভা।

কৃষক A husbandman.

ক্ষেত্রাজীব, কৃষীবল, কৃষিক, কর্ষক।

কেশ Hair.

চিকুর, কুন্তল, কেশ, কচ, শিরোরুহ।

কোকিল The black cuckoo.

কোকিল, কাননপ্রিয়, পিক, পরভৃত।

---

* দর্পক—অনঙ্গ।

ক্রীড়া Sport or amusement.

ক্রীড়া, লীলা, নর্ম্ম, কেলি, দ্রব, পরীহাস।

ক্রোধ Wrath or rage.

অমর্ষা-মর্ষ,* প্রতিঘ, কোপ, ক্রোধ, রোষ।

গঙ্গা The ganges.

ভাগীরথী, বিষ্ণুপদী, গঙ্গা, সুরধুনী ;
ভীষ্মমাতা, জহ্নুসুতা, ত্রিপথগামিনী।

গণেশ—Ganesh.

বিনায়ক, বিঘ্নরাজ, দ্বৈমাতুর, গণাধিপ ;
একদন্ত, হেরম্ব, ( বা ) লম্বোদর, গজানন।

গরুড় The vehicle of vishnu.

গরুত্মান্, গরুড়, তার্ক্ষ্য, বৈনতেয়, খগেশ্বর,
নাগান্তক, বিষ্ণুরথ, সুপর্ণ, পন্নগাশন।

গর্দ্দভ An ass.

গর্দ্দভ, রাসভ, খর, বালেয়, চক্রীবান্।

গর্ভিণী Pregnant.

অন্তঃসত্ত্বা, অন্তর্ব্বত্নী, গুর্ব্বিণী, গর্ভিণী।

গৃহ A house.

গৃহ, বেশ্ম, নিকেতন, অগার, ভবন ;
নিলয়, আলয়, সদ্ম, মন্দির, সদন।

---

* অমর্ষ—আমর্ষ।

রাজগৃহ A palace or temple.

প্রাসাদ, মন্দির, সৌধ, হর্ম্ম্য, চতুঃশাল।

গো বা গাভী A cow.

ধেনু, গাভী, সৌরভেয়ী, উস্রা, গো, মাতা, শৃঙ্গিণী।

গো বা বৃষ A bull or ox.

উক্ষা, ভদ্র, বলীবর্দ্দ, গো, বৃষ, বৃষভ ;
অনড্বান, সৌরভেয়, পুঙ্গব, ঋষভ।

গোপ Herdsman.

গোপ, গোপাল, গোসংখ্য, গোধুক্, আভীর, বল্লব।

(১) ঘৃত Clarified butter. (২) দুগ্ধ Milk.

(১) ঘৃত, আজ্য, হবিঃ, সর্পিঃ, (২) দুগ্ধ, ক্ষীর, পয়ঃ।

ঘোল বা তক্র Buttermilk.

দণ্ডাহত, কালশেয়, অরিষ্ট, গোরস।

ঘোটক Horse.

ঘোটক, তুরগ, হয়, সৈন্ধব, গন্ধর্ব্ব ;
তুরঙ্গা-হশ্ব,* তুরঙ্গম, বাজি, বাহ, অর্ব্ব।

চক্ষু An eye.

লোচন, নয়ন, নেত্র, দৃক্, দৃষ্টি, দর্শন ;
অম্বক, গো, অক্ষি, চক্ষু, (অথবা) ঈক্ষণ।

চণ্ডাল Chandala.

চণ্ডাল, নিষাদ, প্লব, মাতঙ্গ, পুক্কস,।

---

* তুরঙ্গ—অশ্ব।

চন্দন Sandal wood.

গন্ধসার, মলয়জ, ভদ্রশ্রী, চন্দন।

চন্দ্র Moon.

হিমাংশু, চন্দ্রমা, চন্দ্র, ইন্দু, কুমুদবান্ধব;
বিধু, সুধাংশু, শুভ্রাংশু, ওষধীশ, নিশাপতি।
অব্জ, জৈবাত্রিক, সোম, গ্লৌ, মৃগাঙ্ক, কলানিধি।
দ্বিজরাজ, শশধর, নক্ষত্রেশ, ক্ষপাকর।

ছত্র A parasal, Umbrella.

আতপত্র, ছায়ামিত্র, ছত্র, (বা) জলত্রা।

ছিদ্র বা গর্ত্ত A hole or vacuity.

ছিদ্র, গুহা, গর্ত্ত, বিল, বিবর, গহ্বর;
শুষির, কোটর, রন্ধ্র, কন্দর, কুহর।

জন্তু Animal or sential being.

জন্তু, জন্যু, প্রাণী, জন্মী, শরীরী, চেতন।

জন্ম Birth or production.

জন্ম, (বা) জনন, জনু, উৎপত্তি, উদ্ভব।

জল Water.

সলিল, কমল, জল, পয়ো-বারি,* নীর;
জীবন, অমৃত, অম্বু, তোয়ঃ, পানী, ক্ষীর।
উদক, অব-র্ণঃ,† বন, ভুবন, শম্বর,
মেঘপুষ্প, অম্ভঃ, পাথঃ, পানীয়, পুষ্কর।

---

* পয়ঃ—বারি। † অপ্—অর্ণস্।

জাল A net.

বিতংশ, বাগুরা, পাশ, জাল, আনায়, জালক।

জিহ্বা The tongue.

রসনা, রসজ্ঞা, জিহ্বা, লোলা, রসন, রশনা।

জীবিকা Livelyhood or Profession.

আজীব, জীবিকা, বৃত্তি, বার্ত্তা, বর্ত্তন, জীবন।

জ্যোৎস্না Moonlight.

চন্দ্রিকা, কৌমুদী, জ্যোৎস্না, চন্দ্রকিরণ, চন্দ্রিমা।

তট বা তীর A shore or bank.

কূল, রোধঃ, বেলা, তট, তীর, (বা) প্রতীর।

তরঙ্গ Wave, surge, or billow.

ঊর্ম্মি, বীচি, ভঙ্গ, (আর) তরঙ্গ, কল্লোল।

তৃষ্ণা Thirst.

তৃষা, তৃষ্ণা, তর্ষ, তৃট্, উদন্যা, পিপাসা।

দন্ত tooth.

দন্ত, দংশ, দংষ্ট্র, রদ, রদন, দশন।

দয়া Tenderness or compassion.

কারুণ্য, করুণা, কৃপা, দয়া, অনুকম্পা।

দর্পণ A mirror.

দর্পণ, আদর্শ, (আর) আরসী, মুকুর।

দরিদ্র Poor or indigent.

নির্দ্ধন, দরিদ্র, দীন, নিঃস্ব, অকিঞ্চন।

দান Gift or donation.

দান, বিতরণ, ত্যাগ, উৎসর্গ, বিসর্গ।

দিন A day.

দিন, অহ-র্ঘস্র*, (আর) দিবস, বাসর।

দুর্গা Durga.

উমা, কাত্যায়নী, গৌরী, কালী, হৈমবতী-শ্বরী†।
শিবা, ভবানী, রুদ্রাণী, সর্ব্বাণী, সর্ব্বমঙ্গলা।
অপর্ণা, পার্ব্বতী, দুর্গা, মৃড়ানী, চণ্ডিকা-ম্বিকা‡।

দুঃখ Pain.

দুঃখ, কষ্ট, ক্লেশ, ব্যথা, বেদনা, যাতনা;
যন্ত্রণা, ব্যসন, পীড়া, আধি, বিড়ম্বনা।

দেবতা Gods or deities.

দেবতা, দৈবত, সুর, অমর্ত্ত্য, অমর;
গীর্ব্বাণ, অমৃতাশন, ত্রিদশ, নির্জ্জর।
ত্রিদিবেশ, আদিতেয়, অদিতিনন্দন;
দানবারি, বৃন্দারক, দেব, অস্বপন।

ধন Wealth.

ধন, অর্থ, বসু, বিত্ত, হিরণ্য, দ্রবিণ।

ধনু A bow.

ধনু-শ্চাপ¶, শরাসন, কোদণ্ড, কার্ম্মুক।

---

* অহঃ—ঘস্র। † হৈমবতী—ঈশ্বরী।
‡ চণ্ডিকা—অম্বিকা। ¶ ধনুঃ—চাপ।

ধনুগু´ণ Bow-string.

মৌর্ব্বী, জ্যা, শিঞ্জিনী, গুণ, শিঞ্জা, ধনুগু´ণ,

(১) বাণ An arrow. (২) বাণাধার, তূণ।

(১) শর, পত্রী, ইস্থ, বাণ, বিশিখা, কলম্ব ;
(২) তূণীর, তূণো-পাসঙ্গ,* ইষুধি, নিষঙ্গ।

ধ্বজ A flag or banner.

ধ্বজ, বৈজয়ন্তী, কেতু, পতাকা, কেতন।

নক্ষত্র A star.

নক্ষত্র, ঋক্ষ, ভ, তারা, উড়ু, (বা) তারকা।

নদী A river.

নদী, তরঙ্গিণী, সরিৎ, নিম্নগা, তটিনী ;
প্রবাহিণী, স্রোতস্বতী, ধুনী, শৈবলিনী।

নরক A hell.

নরক, নারক, (আর) দুর্গতি, নিরয়।

নাসিকা The nose.

ঘ্রাণ, গন্ধবহা, ঘোণা, নাসা, (বা) নাসিকা।

নিকট Near, Proximate.

নিকট, সমীপা-সন্ন,† সন্নিধি, অন্তিক।

নিত্য Eternal.

ধ্রুব, নিত্য, শাশ্বত, সৎ, সদাতন, সনাতন।

---

* তূণ—উপাসঙ্গ। † সমীপ—আসন্ন।

অনিত্য Transitory.

অনিত্য, নশ্বর, অসৎ, বিধ্বংসী, ভঙ্গুর।

নিদ্রা Sleep.

নিদ্রা, সুপ্তি, স্বাপ, স্বপ্ন, শয়ন, সম্বেশ।

নিন্দা Censure, blame.

নিন্দা, অপবাদ, কুৎসা, জুগুপ্সা, গর্হণ।

নীচ A low man.

ইতর, প্রাকৃত, নীচ, অধম, অন্ত্যজ।

নূতন New.

নূতন, নবীন, নব, নব্য, অভিনব।

নৃত্য Dancing.

নাট্য, লাস্য, নৃত্য, (আর) তাণ্ডব, নর্ত্তন।

নৌকা A boat.

নৌকা, নৌ, তরণী, তরি, তরী, (বা) তরণি।

পক্ষী A bird.

শকুন্ত, শকুনি, পক্ষী, বিহঙ্গ, বিহগ
পতত্রী, অণ্ডজ, দ্বিজ, পতঙ্গ, পতগ ;
গরুত্মান্, নীড়োদ্ভব, বিকির, বি, খগ।

পণ্ডিত Wise or learned.

পণ্ডিত, ধীর, জ্ঞ, প্রাজ্ঞ কোবিদ, বিদ্বান্ ;
কবি, কৃতী, বিচক্ষণ, সুধী, সংখ্যাবান্ ;
দূরদর্শী, সূরি, বুধ, মনীষী, ধীমান্।

পতি A husband.

স্বামী, ভর্ত্তা, ধব, প্রিয়, পতি, আর্য্যপুত্র।

পত্নী Wife.

পত্নী, ভার্য্যা, জায়া, দারা, স্ত্রী, সহধর্ম্মিণী।

পতি-পত্নী A husband and wife.

জায়াপতি, ভার্য্যাপতি, দম্পতি, যম্পতি।

পত্র A leaf.

পল্লব, পলাশ, পত্র, পর্ণ, কিসলয়।

পথ A road, path or way.

পথ, পন্থা, বর্ত্ম, মার্গ, শরণি, অয়ন ;
পদবী, পদ্ধতি, সৃতি, রথ্যা, অধ্বা-হধ্বন *।

পদ্ম A lotus.

পদ্ম, অরবিন্দ, বিসপ্রসূন, বিসিনী ;
সরসিজ, সরোরুহ, নলিনী, পদ্মিনী।
তামরস, কমলজ, অম্বুজ, কমল ;
পঙ্কেরুহ, পুণ্ডরীক, রাজীব, উৎপল ;
সারস, পঙ্কজ, অব্জ, (আর) মহোৎপল।

পর্ব্বত A mountain.

পর্ব্বত, শিখরী, শৈল, অচল, ভূধর ;
গিরি, গোত্র, নগ, অদ্রি, শৃঙ্গী, মহীধর।

---

* অধ্ব—অধ্বন।

পর্ব্বতশৃঙ্গ A peak or summit.

কূট, শৈলচূড়া, শৃঙ্গ, শিখর, শেখর।

পরীহাস Sport.

বিদ্রূপ, কৌতুক, ব্যঙ্গ, নর্ম্ম, পরীহাস।

পাতাল The infernal region.

বলিসদ্ম, রসাতল, অধোভুবন, পাতাল।

পাপ Sin.

দুরিত, দুষ্কৃত, পাপ, কলুষ, বৃজিন।

পিতা Father.

পিতা, তাত, জন্মদাতা, জনক, জনিতা।

পুত্র A son.

সুত, সূনু, পুত্র, পুত্র, আত্মজ, তনয়।

(১) পীতবর্ণ Yellow. (২) হরিৎবর্ণ Green.

(১)পীত, গৌর, হরিদ্রাভ;(২)হরিত, পলাশ, হরিৎ।

পুষ্প A flower.

প্রসূন, কুসুম, সুম, পুষ্প, ( বা ) সুমনা।

পৃথিবী Earth.

অনন্তা, অচলা, রসা, স্থিরা, বিশ্বম্ভরা ;
ধরিত্রী, ধরণী, ধরা, ক্ষৌণী, বসুন্ধরা।
ভূ, ভূমি, কাশ্যপী, মহী, গোত্রা, বসুমতী ;
সর্ব্বংসহা, জ্যা, বসুধা, ক্ষ্মা, মেদিনী, ক্ষিতি,
অবনী, পৃথিবী, উর্ব্বী, গো, মাতা, কু, পৃথ্বি।

প্রধান Chief.

প্রধান, প্রমুখ, মুখ্য, বর্য্য, ( বা ) বরেণ্য।

প্রবীণ Skilful, conversant.

প্রবীণ, নিপুণ, বিজ্ঞ, কৃতী, কুশল, অভিজ্ঞ।

প্রস্তর A stone or rock.

পাষাণ, প্রস্তর, শিলা, দৃষৎ, গ্রাবো-পল *।

প্রস্ফুটিত Blown as flower.

প্রফুল্ল, বিকচ, ফুল্ল, স্ফুট, বিকসিত।

প্রাচীর A wall.

প্রাচীর, প্রান্ততোবৃতি, বপ্র, ( বা ) প্রাকার।

প্রিয় Beloved, desired.

প্রিয়া-হভীষ্ট,† অভীপ্সিত, হৃদ্য, দয়িত, বল্লভ।

বক্তা, An orator, talkative.

বক্তা, বাগ্মী, বাবদূক, বাচাট, বাচাল।

বজ্র Thunderbolt.

দম্ভোলি, ভিদুর, বজ্র, কুলিশ, অশনি ;
শতকোটি, স্বরু, শম্ব, পবি, ( বা ) হ্লাদিনী।

বধ Slaughter.

মারণ, ঘাতন, বধ, হিংসা, নিসূদন ;
নিহনন, প্রমথন, ক্রথন, হিংসন।

---

* গ্রাব—উপল। † প্রিয়—অভীষ্ট।

বৎসর A year.

বর্ষ, সম্বৎসর, অব্দ, হায়ন, বৎসর।

বন্ধু A friend.

সখা, মিত্র, সুহৃদ্, বন্ধু, বয়স্য, বান্ধব।

বন A forest or grove.

কাননা-রণ্য, * গহন ; বন, বিটপী, বিপিন।

বর্ম্ম Mail.

বর্ম্ম, উরশ্ছদ, ( আর ) তনুত্র, কবচ।

বর্ষা Rainy season.

প্রাবৃট্, জলদাগম, বরষা, বরিষা।

বরুণ Baruna.

বরুণ, প্রচেতা, পাশী, যাদসাম্পতি,† অপ্পতি।

বলদেব Baladeva.

বল, বলরাম, রাম, রেবতী-রমণ ;
বলভদ্র, হলধর, রুহিণী-নন্দন।

বংশ Race or lineage.

বংশ, কুল, গোত্র, ( আর ) সন্ততি, অন্বয়।

বসন্ত Spring.

বসন্ত, সুরভি, ( আর ) মধু, ঋতুরাজ।

---

* কানন—অরণ্য।

† যাদঃ = জলজন্তু ; যাদসাম্ = জলজন্তুগণের।

বস্ত্র Cloth.

বস্ত্র, পরিচ্ছদ, বাসঃ, চেল, বসন, অংশুক।

বহু Much or many.

প্রভূত, প্রচুর, বহু, বহুল, ভূয়িষ্ঠ;
অপর্য্যাপ্ত, ভূয়ঃ, ভূরি, অনেক, যথেষ্ট।

বাক্য Voice or speech.

বাক্য, বাণী, কথা, উক্তি, বচন, ভাষিত;
গির্বাক্ *, বচঃ, ভাষ, ভাষা, ভারতী, লপিত।

বানর A monkey or ape.

বানর, মর্কট, কপি, কীশ, শাখামৃগ;
বলীমুখ, চতুর্ভুজ, বনৌকা, প্লবগ।

বায়ু Air or wind.

অনিল, পবন, বায়ু, মরুৎ, সমীরণ;
সদাগতি, গন্ধবহ, বাত, প্রভঞ্জন।

বিখ্যাত Known, celebrated, famous.

বিখ্যাত, প্রথিত, খ্যাত, প্রসিদ্ধ, বিশ্রুত।

বিড়াল A cat.

বিড়াল, মার্জ্জার, ওতু, বৃষদংশক, আখুভুক্।

বিদ্যুৎ Lightning.

বিদ্যুৎ, ক্ষণপ্রভা, শম্পা, বিজলী, চঞ্চলা;
তড়িৎ, সৌদামিনী, সুর-সুন্দরী, চপলা।

---

* গির্—বাক্।

বিপদ Adversity.

বিপত্তি, বিপদ, আধি, আপদ, সঙ্কট ;
দুর্গতি, দুর্গম, দুর্গ, বিভ্রম, বিভ্রাট ;
বিড়ম্বন, ব্যসন, (বা) সম্বাধ, দুর্ঘট।

ব্যাঘাত Harm, injury.

অনিষ্ট, ব্যাঘাত, বিঘ্ন, হানি, প্রত্যবায় ;
প্রত্যূহ, বন্ধক, বন্ধ, ক্ষতি, অন্তরায়।

বিবাহ Marriage.

পরিণয়, উপযম, উদ্বাহ, বিবাহ।

বিষ্ণু Bishnu.

বিষ্ণু, নারায়ণ, কৃষ্ণ, বৈকুণ্ঠ, কেশব ;
দৈত্যারি, পুণ্ডরীকাক্ষ, গোবিন্দ, মাধব।
চক্রপাণি, চতুর্ভুজ, দৈবকীনন্দন ;
বনমালী, বলিধ্বংসী, শ্রীবৎসলাঞ্ছন।
বাসুদেব, ত্রিবিক্রম, বিভু, বিশ্বম্ভর ;
দামোদর, হৃষীকেশ, শৌরি, পীতাম্বর।
উপেন্দ্র, গরুড়ধ্বজ, পদ্মনাভ, জনার্দ্দন ;
কংসারি, কৈটভহারী, অচ্যুত, মধুসূদন।
শ্রীপতি, পুরুষোত্তম, হরি, মুরহর ;
ইন্দ্রাবর, মধুরিপু, মুরারি, মুরলীধর।

বুদ্ধি Understanding or intellect.

মনীষা, ধীষণা, বুদ্ধি ; প্রজ্ঞা, ধী, মতি, চেতনা।

বৃক্ষ A tree.

বৃক্ষ, মহীরুহ, তরু ; শাখী, বিটপী, পাদপ।

বৃদ্ধ An old man.

স্থবির, জ্যায়ান্, জীর্ণ, বৃদ্ধ, বর্ষীয়ান্।

বৃহৎ Great.

বিশাল, বিপুল, বৃহৎ, পৃথুল, মহান্ ;
গুরু, উরু, বড্র, বভ্র, পৃথু, বিশঙ্কট।

বৃহস্পতি The planet jupitor.

সুরাচার্য্য, শিখণ্ডিজ, গুরু, বৃহস্পতি।
জীব, চিত্র, আঙ্গিরস, ধিষণ, গীষ্পতি।

(১) ব্যাঘ্র A tiger. (২) তরক্ষু A hyena or leopard.

(১) ব্যাঘ্র, দ্বীপী, শার্দ্দুল, (২) তরক্ষু,* মৃগাদন।

ব্যাধ A hunter or deer-killer.

কিরাত, শবর, ব্যাধ, মৃগয়ু, লুব্ধক।

ব্রাহ্মণ A man of the sacerdotal tribe.

দ্বিজ, বিপ্র, অগ্রজন্মা, ভূদেব, ব্রাহ্মণ।

ভয়ানক Horrible or terrific.

ভয়ঙ্কর, ভয়াবহ, ভীষণ, ভয়াল ;
ভয়ানক, ভীষ্ম, চণ্ড, প্রচণ্ড, করাল ;
দারুণ, ভৈরব, ভীম, ঘোর, উগ্র, কাল।

* নেকড়িয়া বাঘ।

ভয় Fear or terror.

ভয়, ভীতি, ত্রাস, শঙ্কা, আশঙ্কা, আতঙ্ক।

ভল্লুক A bear.

ঋক্ষ, অচ্ছ, ভল্ল, (আর) ভল্লুক, ভাল্লুক।

ভাগ্য Destiny or luck.

ভাগ্য, বিধি, দৈব, দিষ্ট, অদৃষ্ট, নিয়তি।

ভৃত্য Servant or slave.

সেবক, কিঙ্কর, দাস, ভৃত্য, পরিচারক।
নিযোজ্য, ভুষিজ্য, প্রৈষ্য, গোপ্যক, চেটক।

ভেক A frog.

ভেক, মণ্ডূক, বর্ষাভূ, শালুর, প্লব, দর্দ্দুর।

ভ্রমর A large black bee.

দ্বিরেফ, ষট্‌পদ, ভৃঙ্গ, অলি, মধুকর;
মধুব্রত, শিলীমুখ, মধুপ, ভ্রমর।

মঙ্গল বা শুভ Happy, well or right.

শিব, শুভ, শ্রেয়ঃ, ভদ্র, কল্যাণ, মঙ্গল;
ভাবুক, ভবিক, ভব্য, ক্ষেম, (বা) কুশল।

মঙ্গলগ্রহ Mars.

লোহিতাঙ্গ, অঙ্গারক, কুজ, ভৌম, মহীসুত।

মৎস্য A fish.

মৎস্য, মীন, পৃথুরোমা, শকলী, অণ্ডজ।

মদ্য Spirituous liquor.

মদিরা, বারুণী, মদ্য, সুরা, কাদম্বরী।

মনঃ The mind or faculty of reason.

চিত্ত, চেতঃ, মনঃ, স্বান্ত, মানস, হৃদয়।

মনুষ্য Man, mankind.

মনুষ্য, মনুজ, মর্ত্ত্য ; নর, মানুষ, মানব।

মন্ত্রী A minister or councellor.

অমাত্য, সচিব, পাত্র, মন্ত্রী, ধীসচিব,

ময়ূর A peacock.

ময়ূর, কলাপী, বর্হী, শিখী, শিখাবল।

মর্কটক A spider.

মর্কটক, ঊর্ণনাভ, লূতা, তন্তুবায়।

মস্তক The head.

উত্তমাঙ্গ, শিরঃ, শীর্ষ, মূর্দ্ধা, (বা) মস্তক।

মাংস flesh.

পিশিত, আমিষ, মাংস, পল, (বা) পলল।

মাতা Mother.

মা, মাতা, জননী, অম্বা, প্রসূ, জনয়িত্রী।

মিথ্যা False.

অনৃত, অসত্য, মিথ্যা, বিতথ, অলীক।

মুকুট A crest, crown or diadem.

মুকুট, কিরীট, মৌলি, শিরস্ত্র, উষ্ণীষ।

মুক্তি বা মোক্ষ Beatitude.

অমৃতা-হপবর্গ,* মোক্ষ ; মুক্তি, কৈবল্য, নির্ব্বাণ।

মুখ Face.

মুখ, বক্তৃ, আস্য, তুণ্ড, বদন, আনন।

মুনি A hindu sage.

মুনি, ঋষি, তপোধন ; ব্রতী, তপস্বী, তাপস।
ব্রহ্মনিষ্ঠ, যোগী, যতী ; সন্ন্যাসী, পরমহংস।

মূর্খ Idiot, ignorant.

অবোধ, বর্ব্বর, অজ্ঞ ; মূঢ়, মূর্খ, (বা) বালিশ।

মৃগ A deer or antelope.

হরিণ, অজিনযোনি, বাতায়ু, কুরগ ;
মৃগ, এণ, কুরঙ্গম, ঋষ্য, (বা) কুরঙ্গ।

মৃগয়া Chase.

আক্ষোদন, আখেট, (বা) মৃগব্য, মৃগয়া।

মৃগনাভি Musk.

মৃগনাভি, মৃগমদ, মার্গ, কস্তুরিকা।

মৃত্যু Death.

মৃত্যু, নাশ, কালধর্ম্ম, পঞ্চত্ব, মরণ ;
প্রলয়, অত্যয়, অন্ত, দিষ্টান্ত, নিধন।

মৃত Dead.

গতাসু, প্রাপ্তপঞ্চত্ব, পরেত, প্রমীত ;
নিহত, নির্জ্জীব, নষ্ট, গত, হত, মৃত।

---

* অমৃত—অপবর্গ।

মেঘ A cloud.

কাদম্বিনী, পর্য্যন্য, (বা) ঘন, জলধর ;
জীমূত, বারিদ, অভ্র, মেঘ, ধারাধর।

যজ্ঞ A sacrifice.

যাগ, যজ্ঞ, সবা- ঽধ্বর,* সপ্ততন্তু, মখ, ক্রতু।

যম Yama, Pluto.

কৃতান্ত, অন্তক, কাল, যম, যমরাজ ;
শমন, (বা) রবিসুত, ধর্ম্ম, ধর্ম্মরাজ।

যমুনা The Yamuna.

কালিন্দী, সূর্য্যতনয়া, যমুনা, শমনস্বসা।

যুদ্ধ War, battle or combat.

সংগ্রাম, সমরা-হব,† যুধ্, যুদ্ধ, রণ ;
বিগ্রহ, কলহা-নীক,‡ আজি, আয়োধন।

রক্ত Blood.

রুধির, অসৃক্, রক্ত, ক্ষতজ, শোণিত ;
কীলাল, অঙ্গজ, লোহ, লোহিত, রোহিত।

রক্তবর্ণ Red.

লোহিত, রোহিত, রক্ত, শোণ, কোকনদচ্ছবি।

রজ্জু A cord, rope or string.

রজ্জু, গুণ, দাম, শুল্ব, বটী, বরাটক।

রথ A war chariot, car.

শতাঙ্গ, স্যন্দন, রথ ; যান, শকট, বাহন।

---

* সব—অধ্বর। † সমর—আহব। ‡ কলহ—অনীক।

সারথি A charioteer.

নিয়ন্তা, প্রাজিতা, যন্তা, সূত, ক্ষত্তা, (বা) সারথি।

রস Taste or sentiment.

শৃঙ্গার, করুণ, বীর, অদ্ভুত, বিভৎস,
রৌদ্র, ভয়ানক, হাস্য, শান্ত (নবরস)।
( কিম্বা )
মধু-রাম্ল,* তিক্ত, কটু, কষায়, লবণ।

রাক্ষস A giant, monster.

রাক্ষস, কর্ব্বুর, ক্রব্যাদ, রক্ষঃ, নিশাচর;
কৌণপ, পলাশ, পিশিতাশ, নীলাম্বর।

রাজা A king, ruler.

নরেন্দ্র, নরেশ, রাজা, পার্থ, ক্ষিতিপাল;
অধিপতি, মহীপতি, নৃপতি, ভূপাল।
গোপতি, পার্থিব, প্রভু, নৃপ, নরেশ্বর;
ভূস্বামী, ভূধন, ভূভৃৎ, ভূপ, দণ্ডধর। †

রাত্রি Night.

নিশা, নিশিথিনী, রাত্রি, ত্রিযামা, যামিনী;
তমস্বিনী, বিভাবরী, শর্ব্বরী, রজনী।

রোগ Disease, illness.

রোগা-ময়, ‡ পীড়া, গদ, ব্যাধি, উপতাপ।

---

* মধুর—অম্ল। ‡ রোগ—আময়।

† সার্ব্বভৌমনৃপতি = চক্রবর্ত্তী Universal monarch.
রাজসূয় যজ্ঞকারী রাজাধিরাজ = সম্রাট্ A paramount.

রৌপ্য Silver.

রজত, দুর্ব্বর্ণ, রৌপ্য, শ্বেত, (বা) খর্জ্জুর।

লক্ষ্মী Lucksmi.

লক্ষ্মী, পদ্মালয়া, পদ্মা; কমলা, শ্রী, হরিপ্রিয়া;
ইন্দিরা, লোকমাতা, মা; ক্ষীরাব্ধি-তনয়া, রমা।

লজ্জা Modesty or shame.

লজ্জা, ব্রীড়া, হ্রী, মন্দাক্ষ, ত্রপা, অপত্রপা।

লতা A creeper.

লতা, বল্লি, বিরুধ্, বল্লী, ব্রততী, প্রততী।

শত্রু An enemy.

বিপক্ষ, অমিত্র, শত্রু, পর, রিপু, অরি;
অরাতি, সপত্ন, দ্বিষৎ, পরিপন্থী, বৈরি।

শনি Saturn.

শনি, শনৈশ্চর, সৌর, শৌরি, ছায়াসুত।

শব্দ Sound.

নিনাদ, নির্ঘোষ, শব্দ, নিস্বন, স্বনন;
ধ্বনি, ধ্বান, রব, নাদ, আরাব, গর্জ্জন।
[কাকলী, (বা) কল, মন্দ্র, তার, মর্ম্মর, শিঞ্জিত]। *

---

* কাকলী—অব্যক্ত সূক্ষ্ম শব্দ Minute tone.
কল = মধুর অস্ফুট ধ্বনি Inarticulate but pleasing tone.
মন্দ্র = গম্ভীর শব্দ A base or low tone.
তার = অত্যুচ্চ শব্দ A high tone.
মর্ম্মর = বস্ত্র পর্ণাদির শব্দ The rustling sound.
শিঞ্জিত = অলঙ্কারজ ধ্বনি Tinkling of ornaments.

শরীর The body.

কায়, কলেবর, গাত্র, শরীর, বিগ্রহ ;
বপু, বর্ম্ম, সংহনন, তনু, মূর্ত্তি, দেহ।

শিব Shiva.

শিব, শম্ভু, বৃষধ্বজ, শূলী, মহেশ্বর ;
ঈশান, ঈশ্বর, ঈশ ; শঙ্কর, চন্দ্রশেখর ;
ধূর্জ্জটী, সর্ব্ব, সর্ব্বজ্ঞ, হর, স্মরহর।
বামদেব, মহাদেব ; মৃত্যুঞ্জয়, গঙ্গাধর।
কৃত্তিবাস, শিতিকণ্ঠ, কপর্দ্দী, ত্র্যম্বক ;
পিনাকী, প্রথমাধিপ ; শ্রীকণ্ঠ, ত্রিপুরান্তক।
ভব, রুদ্র, বিরূপাক্ষ, উগ্র, ব্যোমকেশ ;
ভীম, ভর্গ, ক্রতুধ্বংসী, গিরিশ, ভূতেশ।
নীলকণ্ঠ, দিগম্বর, স্থাণু, উমাপতি ;
কপালী, কৃশানুরেতা, মৃড়, পশুপতি।

শিশু A young of any animal.

শিশু, পোতা-র্ভক,* ডিম্ভ, পৃথুক, শাবক।

শীঘ্র Quick or swiftly.

শীঘ্র, অবিলম্ব, আশু, সত্বর, ত্বরিত ;
অচির, চপল, তূর্ণ, লঘু, ক্ষিপ্র, দ্রুত।

শুক্র The planet Venus.

শুক্র, দৈত্যগুরু, কবি ; কাব্য, উশনা, ভার্গব।

---

* পোত—অর্ভক।

শৃগাল A jackal

শৃগাল, জম্বুক, শিবা, ফেরব, বঞ্চক ;
ফেরু, ক্রোষ্টু, ভূরিমায়, গোমায়ু, মৃগধূর্ত্তক।

শোক Grief or sorrow.

শোক, ক্ষোভ, পরিতাপ, তাপ, অনুতাপ ;
বিষাদ, সন্তাপ, খেদ, মন্যু, মনস্তাপ।

শ্রেণী A row or range.

শ্রেণী, বীথি, পঙ্‌ক্তি, রাজি, আলি (বা) আবলি।

শ্রেষ্ঠ Excellent, best, superior.

শ্রেষ্ঠা-ইতিশোভন,* শ্রেয়ান্, সত্তম, পুষ্কল।

শ্বেত White.

শুক্ল, শুভ্র, শুচি, শ্বেত ; বিশদ, শ্যেত, পাণ্ডুর ;
অবদাত, সিত, গৌর ; বলক্ষ, ধবলা-ইর্জ্জুন †।

সত্য True or truth.

সত্য, তথ্য, তত্ত্ব, ঋত, সম্যক্, যথার্থ।

সদৃশ বা সমান Like, similar.

সমান, সদৃশ, তুল্য, নিভ, কল্প, সম ;
স্থানীয়, স্বরূপ (আর) সঙ্কাশ, প্রতিম।

সভা An assembly or meeting.

সমাজ, পরিষদ্, গোষ্ঠি ; সভা, সমিতি, সংসদ্।

---

* শ্রেষ্ঠ—অতিশোভন। † ধবল—অর্জ্জুন।

সভ্য A member of an assembly.

সভাসদ, পারিষদ, সভ্য, বা সদস্য।

সমস্ত All, entire.

সমস্ত, সমগ্র, পূর্ণ, সকল, নিখিল;
অশেষ, নিঃশেষ, বিশ্ব, অখণ্ড, অখিল।

সমূহ A multitude or flock.

সমূহ, নিবহ, ব্যূহ, স্তোম, সমুদায়;
সংহতি, সঙ্ঘাত, ওঘ, চয়, সমবায়।
নিকর, কদম্ব, বৃন্দ, গণ, বার, ব্রজ;
সঙ্ঘ, সার্থ, যূথ, কুল, সমাজ, সমজ।
পুঞ্জ, গুচ্ছ, স্তূপ, রাশি, স্তবক, পটল;
দল, দাম, জাল, বর্গ, সঞ্চয়, মণ্ডল।

সমুদ্র The sea or ocean.

সমুদ্রো-ব্ধি,* জলনিধি, উদধি, সাগর;
প্রচেতা, বরুণা-র্ণব,† সিন্ধু, রত্নাকর।

সরস্বতী The goddess of speech.

ব্রাহ্মী,(বা) ভারতী, ভাষা; গী-র্বাক্,‡ বাণী,সরস্বতী

সর্প A snake or serpent.

সর্প, ভুজঙ্গম, অহি, ভুজঙ্গ, ভুজগ;
আশীবিষ, বিষধর, কুণ্ডলী, উরগ;
ব্যাল, সরীসৃপ, নাগ, পৃদাকু, পন্নগ।
জিহ্মগ, পবনাশন, ফণী, কাকোদর;
চক্ষুঃশ্রবা, বিলেশয়, ভোগী, দর্ব্বীকর।

---

* সমুদ্র—অব্ধি। † বরুণ—অর্ণব। ‡ গীঃ—বাক্।

সর্ব্বদা Eternal or continually.

অবিরত, অবিশ্রান্ত, সর্ব্বদা, সতত ;
অজস্র, অনিশ, নিত্য, অনবরত, সন্তত ।

সহিষ্ণু Patient.

সহিষ্ণু, সহন, ক্ষন্তা ; তিতিক্ষু, ক্ষমিতা, ক্ষমী ।

সহোদর A brother of the whole blood.

সোদর, (বা) সহোদর, সগর্ভ্য, সহজ ।

জ্যেষ্ঠ Elder brother.

অগ্রজ, পূর্ব্বজ, জ্যেষ্ঠ, অগ্রিয়, অগ্রিম ।

কনিষ্ঠ Younger.

কনিষ্ঠ, অনুজা-বর,* যবীয়, যবিষ্ঠ ।

সিংহ A lion.

সিংহ, মৃগেন্দ্র, পঞ্চাস্য, হর্য্যক্ষ, কেশরী ;
পশুরাজ, পশুপতি, ভীমনাদ, হরি ।

সুন্দর Beautiful, pleasing.

সুন্দর, শোভন, সুশ্রী, কম, কমনীয় ;
মনোজ্ঞ, মোহন, মুগ্ধ, চারু, রমণীয় ।
মনোহর, অভিরাম, ললাম, ললিত ;
সুরম্য, সুষম, মঞ্জু, মঞ্জুল, রঞ্জিত ।
কান্ত, মনোরম, রম্য, শোভিত, চিত্রিত ।

---

* অনুজ—অবর ।

সূর্য্য The sun.

মার্ত্তণ্ড, মরীচিমালী, সূর্য্য, গ্রহেশ্বর,
সহস্রাংশু, বিভাবসু, অর্ক, দিনকর।
বিকর্ত্তন, বিবস্বান, অরুণ, ভাস্কর;
চিত্রভানু, দিবাকর, সূরি, বিভাকর।
আদিত্য, দ্যুমণি, মিত্র, ভানু, বিরোচন;
পতঙ্গ, মিহির, রবি, সবিতা, তপন।

সৈন্য An army.

সৈন্য, বল, চক্র, চমূ, সেনা, অনীকিনী;
পৃতনা, (বা) বরুথিনী, ধ্বজিনী, বাহিনী।

সৌরভ Fragrance, perfume, odour.

সৌরভ, আমোদ, বাস, গন্ধ, পরিমল।

স্ত্রী A woman or female.

স্ত্রী, যোষিৎ, অবলা, যোষা; বধূ, নারী, সীমন্তিনী।
বনিতা, কামিনী, কান্তা; ললনা, (বা) নিতম্বিনী।
সুন্দরী, রমণী, রামা; ভামিনী, প্রমদা-ঙ্গনা *।
মহিলা, ভাবিনী, ভীরু; বামা, (বা) বামলোচনা।

উত্তমা স্ত্রী An excellent woman.

বরারোহা, মত্তকাশি-ন্যুত্তমা, + বরবর্ণিনী।

স্বামী An Owner or master.

স্বামী, প্রভু, পতি, নেতা, নায়ক, ঈশ্বর।
অধিভূ, অধিপ, কর্ত্তৃ, (আর) অধীশ্বর।

---

* প্রমদা—অঙ্গনা। + মত্তকাশিনী—উত্তমা।

স্বাধীন Independent, free.

স্বাধীন, স্বতন্ত্র, স্বৈরী, স্বচ্ছন্দ, নিরবগ্রহ ।

পরাধীন Dependent.

পরতন্ত্র. পরাধীন, পরবান্, নাথবান্ ।

স্বর্গ Heaven.

ত্রিদিব, ত্রিদশালয়, স্বর্গ, সুরলোক ;
ত্রিবিষ্টপ, দেবালয়, দিব্, নাক, দ্যুলোক ।

স্বর্ণ Gold.

কাঞ্চন, কনক, মহারজত, সুবর্ণ ;
হিরণ্য, হাটক, হেম, অষ্টাপদ, স্বর্ণ ।

হংস Goose.

শ্বেতগরুৎ, মানসৌকা, হংস ( বা ) চক্রাঙ্গ ।

হরিদ্রা Turmeric.

নিশাহ্বা, * কাঞ্চনী, পীতা, হরিদ্রা, বরবর্ণিনী ।

হস্তী An elephant.

দন্তী, দন্তাবল, হস্তী, দ্বিপ, নাগ, গজ ;
দ্বিরদ, কুঞ্জর, করী, বারণ, মতঙ্গজ ।

(১) হস্তিপক (মাহুত) Elephant driver.
(২) অশ্বারোহী Horseman.

(১) নিষাদী (বা) হস্তিপক ; (২) সাদী, অশ্বারোহী ।

হিম Frost.

তুষার, তুহিন, হিম, হিমানী, নীহার ।

---

* রাত্রিবাচক যে নাম, তাঁহাতে হরিদ্রাও বুঝায় ।

# বিজ্ঞাপন।


| পুস্তকের নাম। | মূল্য। |
| --- | --- |
| ১। পাটীগণিত সমাধান—হাজার অঙ্ককষা ... ... | ১৷০ |
| ২। জ্যামিতিক অনুশীলনী—বহুল চিত্র সম্বলিত ... | ৷৷০ |
| ৩। পরিমিতি বিজ্ঞান—ভূরি ভূরি কঠিন অঙ্ক কষা ... | ৷৷০ |
| ৪। পরিমিতি সমাধান, চারি বিভাগের অঙ্ক কষা ... | ৷৵০ |
| ৫। ধাতুসার কৃদন্ত সংগ্রহ—সাহিত্যের পরম সহায় ... | ৷৷০ |
| ৬। বঙ্গীয় শব্দসার বা ছাত্রবোধ অভিধান ... ... | ৸০ |
| ৭। শ্রীকান্ত রত্নমালা—বঙ্গীয় শব্দকোষ বা পদ্য-অভিধান | ৵০ |
| ৮। ওয়ার্ডবুক্ বা দ্বৈভাষিক শব্দাবলী ... ... ... | ৷৷০ |
| ৯। ভূবিদ্যা ও পদার্থবিদ্যা বিষয়ক প্রশ্নোত্তর ... ... | ৷৵০ |
| ১০। পদার্থবিদ্যা বিষয়ক প্রশ্নোত্তর (অক্ষয় বাবুর) ... | ৷০ |
| ১১। স্বাস্থ্যবিদ্যা বিষয়ক প্রশ্নোত্তর (কনিংহামের) ... | ৵০ |
| ১২। স্বাস্থ্যরক্ষার প্রশ্নোত্তর (রাধিকাপ্রসন্ন বাবুর) ... | ৷০ |
| ১৩। সমস্ত ভারত-ইতিহাসের প্রশ্নোত্তর ... ... ... | ৷৷০ |
| ১৪। পুরাবৃত্তসারের প্রশ্নোত্তর ... ... ... .. | ৷৷০ |
| ১৫। ভূগোল প্রশ্নোত্তর ... ... ... ... ... ... | ৷৵০ |
| ১৬। চারুপাঠ প্রথম ভাগের সুচারু ব্যাখ্যা... ... ... | ৷০ |
| ১৭। চারুপাঠ দ্বিতীয় ভাগের সুচারু ব্যাখ্যা ... ... | ৷৵০ |
| ১৮। সীতার বনবাসের সুচারু ব্যাখ্যা ... ... ... | ৸০ |
| ১৯। পদ্যপাঠ প্রথমভাগের সার্থক অন্বয় ও ব্যাখ্যা ... | ৵১০ |
| ২০। ঐ ২য় ভাগের সার্থক অন্বয়, ব্যাখ্যা ও পদপরিচয় | ৷৵০ |
| ২১। ঐ ৩য় ভাগের সার্থক অন্বয় ব্যাখ্যা ও পদপরিচয় | ৷৷৵০ |
| ২২। পদ্যপ্রকাশ ২য় ভাগের | ৷৵০ |

শ্রীঅবলাকান্ত সেন।

স্কুলবুক্ প্রেস।

১৩২ নং, মাণিকতলা ষ্ট্রীট—কলিকাতা।

# বিজ্ঞাপন।

| পুস্তকের নাম। | মূল্য। |
| --- | --- |
| ১। পাটীগণিত সমাধান—হাজার অঙ্ককষা ... ... | ১।০ |
| ২। জ্যামিতিক অনুশীলনী—বহুল চিত্র সম্বলিত ... | ॥০ |
| ৩। পরিমিতি বিজ্ঞান—ভূরি ভূরি কঠিন অঙ্ক কষা ... | ॥০ |
| ৪। পরিমিতি সমাধান, চারি বিভাগের অঙ্ক কষা ... | ।৶০ |
| ৫। ধাতুসার কৃদন্ত সংগ্রহ—সাহিত্যের পরম সহায় ... | ॥০ |
| ৬। বঙ্গীয় শব্দসার বা ছাত্রবোধ অভিধান ... .. | ৸০ |
| ৭। শ্রীকান্ত রত্নমালা—বঙ্গীয় শব্দকোষ বা পদ্যাভিধান | ৶০ |
| ৮। ওয়ার্ডবুক্ বা দ্বৈভাষিক শব্দাবলী . . ... ... | ॥০ |
| ৯। ভূবিদ্যা ও পদার্থবিদ্যা বিষয়ক প্রশ্নোত্তর ... . | ।৶০ |
| ১০। পদার্থবিদ্যা বিষয়ক প্রশ্নোত্তর (...বাবুর) . . | ।০ |
| ১১। স্বাস্থ্যবিদ্যা বিষয়ক প্রশ্নোত্তর (কনিংহামের) ... | ৶০ |
| ১২। স্বাস্থ্যরক্ষার প্রশ্নোত্তর (রাধিকাপ্রসন্ন বাবুর) . | ।০ |
| ১৩। সমস্ত ভারত ইতিহাসের প্রশ্নোত্তর ... ... ... | ॥০ |
| ১৪। পুরাবৃত্তসারের প্রশ্নোত্তর ... ... ... . . | ॥০ |
| ১৫। ভূগোল প্রশ্নোত্তর ... .. ... ... | ।৶০ |
| ১৬। চারুপাঠ প্রথম ভাগের সুচারু ব্যাখ্যা... . ... | ।০ |
| ১৭। চারুপাঠ দ্বিতীয় ভাগের সুচারু ব্যাখ্যা . ... | ।৶০ |
| ১৮। সীতার বনবাসের সুচারু ব্যাখ্যা ... ... ... | ৸০ |
| ১৯। পদ্যপাঠ প্রথমভাগের সার্থক অন্বয় ও ব্যাখ্যা ... | ৶১০ |
| ২০। ঐ ২য় ভাগের সার্থক অন্বয় ব্যাখ্যা ও পদপরিচয় | ।৶০ |
| ২১। ঐ ৩য় ভাগের সার্থক অন্বয় ব্যাখ্যা ও পদপরিচয় | ॥৶০ |
| ২২। পদ্যপ্রকাশ ২য় ভাগের " " " | ।৶০ |

শ্রী...লাকান্ত সেন।

স্কুলবুক্ প্রেস।

১৩২ নং, মাণিকতলা ষ্ট্রীট—কলিকাতা।